গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারের (আগস্ট-ডিসেম্বর ২০২১) ২য় অংশীজন সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: সেলিম রেজা<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : ২০ ডিসেম্বর ২০২১ |
| সময় | : সকাল ১১.০০ টায় |
| স্থান | : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৯৩০), রেলভবন, ঢাকা |

**সভার উপস্থিতিঃ**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও যুগ্ম সচিবগণ, বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালকগণ, রেল পুলিশ, বিভিন্ন পর্যায়ের অংশীজনসহ রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি **পরিশিষ্ট-'ক'** তে উপস্থাপন করা হলোঃ

২। **সভায় প্রারম্ভিক আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন, বাংলাদেশ রেলওয়ের সুষ্ঠু ও নিরাপদ পরিচালনার জন্য এবং সমস্যা চিহ্নিতকরণ ও সম্ভাব্য সমাধানের লক্ষ্যে অংশীজন সভার গুরুত্ব অপরিসীম। তিনি উপসচিব (প্রশাসন-২) কে আলোচ্যসূচি অনুযায়ী সভা সঞ্চালনের অনুরোধ করেন।

২.১। সভাপতির অনুমতিক্রমে রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২) বলেন, রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার একটি কার্যক্রম হচ্ছে অংশীজন সভা আয়োজন করা। প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভার আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

২.২। অত:পর সভায় উপস্থিত অংশীজনবৃন্দ, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন।

৩। আলোচ্য বিষয়, বিস্তারিত আলোচনা, গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব নিম্নরূপ:

| ক্র.নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের অটোমেশন:** সভায় ই-নথির কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের নথি নম্বর ডিজিটালাইজ করা হয়েছে।<br><br>(২) সভায় জানানো হয়, রেলওয়ে পুলিশের ২৪ টি থানায় অনলাইনের মাধ্যমে জিডির ট্রায়াল কার্যক্রম চলছে। ৬৩২০ জন কে জিডি অটোমেশন কার্যক্রমের উপরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। খুব দ্রুত রেলওয়ে পুলিশের সকল থানায় অনলাইনের মাধ্যমে জিডির কার্যক্রম শুরু হবে। ফলে জনগণ ঘরে বসেই অনলাইনের মাধ্যমে জিডি করতে পারবে এবং ফলাফলের অগ্রগতি জানতে পারবে। | (১) বাংলাদেশ রেলওয়ের ডিজিটাল নম্বর যুক্ত নথিতে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(২) রেলওয়ে পুলিশের সকল থানায় জনগণ যেন অনলাইনের মাধ্যমে জিডি করতে পারে এবং এর ফলাফলের অগ্রগতি জানতে পারে সে কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় (সকল)<br><br>(৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **গেইটম্যানসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারিদের পোশাক প্রদান:** সভায় জানানো হয়, বাংলাদেশ রেলওয়ের গেইটম্যানসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের ড্রেস কোড ইতোমধ্যে অনুমোদন হয়েছে এবং ড্রেস কোড অনুযায়ী পোশাক সরবরাহের জন্য নির্দেশনা প্রদান করে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ রেলওয়ের গেইটম্যানসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের ড্রেস কোড অনুযায়ী পোশাক সরবরাহের ব্যবস্থা করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৩ | **রেল স্টেশন ও ট্রেনে ধূমপান:** সভায় জানানো হয়, ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা করে এবং জনগণকে সচেতন করার মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের সকল রেল স্টেশন ও ট্রেনে ধূমপান অনেকাংশে হ্রাস করা সম্ভব হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সভায় আরো জানানো হয়, রেল স্টেশন ও ট্রেনে ধূমপান রোধে এবং জনস্বাস্থ্য সচেতনতার জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ শুরু হলে রেল স্টেশন ও ট্রেনে ধূমপান আরো কার্যকরভাবে হ্রাস করা সম্ভব হবে। | (১) রেল স্টেশন ও ট্রেন ধূমপানমুক্ত রাখার লক্ষ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) হকাররা ট্রেনে উঠে যেন ধূমপান না করতে পারে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৪ | **রেল স্টেশনে মাতৃদুগ্ধ কর্ণার স্থাপন:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষ্যে ৫৫ টি স্টেশন পুনর্গঠন করা হচ্ছে। সভায় জানানো হয়, ইতোমধ্যে ২২ টি স্টেশনে মাতৃদুগ্ধ কর্ণার স্থাপন করা হয়েছে। অবশিষ্ট স্টেশন গুলোতে মাতৃদুগ্ধ কর্ণার স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে। | (১) স্থাপিত মাতৃদুগ্ধ কর্ণার গুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।<br>(২) অবশিষ্ট ৩৩ টি স্টেশনে দ্রুত মাতৃদুগ্ধ কর্ণার স্থাপন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৫ | **সুশাসন প্রতিষ্ঠাঃ** সভায় সুশাসন প্রতিষ্ঠায় কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সকলের মনোযোগ আকর্ষণ করা হয়। সভায় জানানো হয়, বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং সিটিজেন চার্টারে বর্ণিত কাজের বিবরণ আপলোড করা আছে এবং সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। সভায় ওয়েবসাইটে বর্ণিত কার্যক্রমগুলো প্রদর্শন করা হয় | বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং সিটিজেন চার্টার সংক্রান্ত কার্যক্রম যথানিয়মে বাস্তবায়নসহ সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়<br>(৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |

৪। সভাপতি উপস্থিত অংশীজনবৃন্দকে সভায় অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: সেলিম রেজা)
সচিব
রেলপথ মন্ত্রণারয়